# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 28-08-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) যোগ্য কৃষকদের প্রাতিষ্ঠানিক কৃষিঋণের আওতায় আনতে আগামী ১লা সেপ্টেম্বর থেকে রাজ্যে বিশেষ '**কিষান ক্রেডিট কার্ড প্রদান অভিযান** শুরু হচ্ছে।

২) রাজ্য সরকার পঞ্চায়েত স্তরে বৃহৎ প্রশাসনিক সংস্কারের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে বলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ আকাশবাণীকে জানিয়েছেন।

৩) আর জি করের মতো ঘটনা বা পকসো আইনের আওতায় মামলার ক্ষেত্রে পুলিশকে কোন নির্দেশের অপেক্ষা করতে হবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৪) নেপালে প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজ এরাজ্যের ৩২ জন বাসিন্দার নাম-ঠিকানা প্রকাশ করেছে রাজ্য প্রশাসন। খোলা হয়েছে বিশেষ কন্ট্রোল রুম।

৫) পর্যটন শিল্পে বিনিয়োগ বাড়াতে মরশুম ভিত্তিক পর্যটনের জায়গায় সারা বছর সক্রিয় থাকার আহ্বান জানিয়েছেন পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ।

৬) যথোচিত মর্যাদায় আজ রাখী বন্ধন উৎসব পালিত হচ্ছে। রাজ্য সরকার এই উপলক্ষে একাধিক অনুষ্ঠানের আয়োজন করেছে।

oooooooooooooooooooooo

যোগ্য কৃষকদের প্রাতিষ্ঠানিক কৃষিঋণের আওতায় আনতে আগামী ১লা সেপ্টেম্বর থেকে রাজ্যে বিশেষ **'কিষান ক্রেডিট কার্ড প্রদান অভিযান'** শুরু হচ্ছে । আগামী বছরের **৩১**শে জানুয়ারি পর্যন্ত এই পাঁচ মাসের বিশেষ অভিযান চলবে। যাঁরা এখনও কিষান ক্রেডিট কার্ড পাননি, তাঁদের চিহ্নিত করে এই সুবিধার আওতায় আনা হবে। পাশাপাশি যাঁদের কার্ড রয়েছে, প্রয়োজন অনুযায়ী তাঁদের ঋণের সীমা নবীকরণ বা বৃদ্ধি করাই এই অভিযানের লক্ষ্য।

এই অভিযানে বিশেষ গুরুত্ব দেওয়া হবে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, বর্গাদার, ইজারাদার কৃষক, দুগ্ধ উৎপাদন, মৎস্যচাষ, পশুপালন এবং অন্যান্য কৃষি-সহায়ক কর্মকাণ্ডে যুক্ত কৃষকদের। এই কর্মসূচি বাস্তবায়নে ব্যাঙ্কগুলির পাশাপাশি স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি (SLBC), রাজ্য সরকারের বিভিন্ন দফতর, জেলা প্রশাসন, নাবার্ড (NABARD) এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা সমন্বিতভাবে কাজ করবে।

ooooooooooooooooooooo

রাজ্য সরকার পঞ্চায়েত স্তরে বৃহৎ প্রশাসনিক সংস্কারের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে। শুধু পঞ্চায়েতের আসন পুনর্বিন্যাসই নয়, গ্রাম পঞ্চায়েত এবং ব্লকের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে। আকাশবাণীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ জানালেন –

(বাইট – দিলীপ ঘোষ)

পঞ্চায়েত প্রধানদের আর্থিক ক্ষমতা কমিয়ে দুর্নীতি নিয়ন্ত্রণ এবং নির্বাচনী হিংসা কমানোরও উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, রাজ্য দীর্ঘদিন ধরেই পঞ্চায়েত ও ব্লকের সংখ্যা অপরিবর্তিত রয়েছে।

এদিকে, জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রশাসনিকস্তরে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই, রাজ্যে বর্তমানে প্রায় সাড়ে তিন হাজার গ্রাম পঞ্চায়েতের সংখ্যা বাড়িয়ে সাড়ে চার হাজার করার প্রস্তাব রাখা হয়েছে। একইভাবে ব্লকের সংখ্যাও ৪-শো থেকে বাড়িয়ে সাড়ে ৪-শো করার প্রস্তাব রয়েছে।

ooooooooooooooooooooo

RG করের মতো ঘটনা বা পকসো আইনের আওতায় মামলার ক্ষেত্রে পুলিশকে কোনো নির্দেশের অপেক্ষা করার দরকার নেই বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন। তারাতলার সাম্প্রতিক বিপর্যয়ে বীরত্বের সঙ্গে কাজ করার জন্য কলকাতা পুলিশ ও বিপর্যয় মোকাবিলা দপ্তরের ১০ কর্মীকে, জীবন রক্ষা পুরস্কার প্রদানের জন্য আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই নির্দেশ দেন। তিনি বলেন, দেশ বিরোধী কার্যকলাপের ক্ষেত্রেও কোনো নির্দেশের দরকার নেই। এমন ঘটনায় কড়া পদক্ষেপ করলে মুখ্যমন্ত্রী হিসেবে তিনি পুলিশের পাশে থাকবেন বলে শুভেন্দু বাবু জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

দুর্নীতির বিরুদ্ধে সরকার কঠোর পদক্ষেপ করছে বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, দুর্নীতি দমন বাহিনী-কে শক্তিশালী করা হচ্ছে।

( বাইট – মুখ্যমন্ত্রী)

পুলিশ কর্মীদের আর্থিক নিরাপত্তার বিষয়টিও সরকার দেখছে বলে আশ্বাস দেন শুভেন্দু বাবু। তিনি বলেন, রাজ্য ও কলকাতা পুলিশে প্রায় ৪৩ হাজার শুন্যপদ ধাপে পূরণ করা হবে। পুলিশ কর্মীদের বদলির বিষয়টি নিয়ে তিনি স্বরাষ্ট্র সচিব ও রাজ্য পুলিশের মহা নির্দেশক কে সুনির্দিষ্ট নীতি তৈরির জন্যেও বলেন।

oooooooooooooooooooo

নেপালে প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজদের মধ্যে এরাজ্যের ৩২ জন রয়েছেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারি জানিয়েছেন। তাদের নাম – ঠিকানাও প্রকাশ করেছে প্রশাসন। নিখোঁজদের মধ্যে বেশিরভাগই কলকাতা ও চন্দননগরের বাসিন্দা বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কাছে জানিয়েছেন। একটি ভ্রমণ সংস্থার সঙ্গে তারা নেপালে গিয়েছিলেন। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, সরকার নিখোঁজদের ব্যাপারে জানার চেষ্টা করছে। নবান্নে বুধবার রাত থেকে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পাশাপাশি দুটি হেল্পলাইন নম্বরও চালু করা হয়েছে।

এগুলি হলঃ- **০৩৩-২৪৭৯-৩৩১১ এবং ৯১৪-৭৮৯০-১৮১** । ভবানীভবনে পৃথক পুলিশ কন্ট্রোল রুম চালু করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলায় শিল্প এবং শিল্পপতিরা ফিরতে শুরু করেছেন বলে শিল্প মন্ত্রী তাপস রায় মন্তব্য করেছেন। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আগের সরকারের আমলে রাজ্যে শিল্পের সহায়ক কোন পরিবেশ ছিল না।

(বাইট – তাপস রায়)

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার৩০ শে আগস্ট* , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭**-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

০০০০০০০০০০০০০০০০০০০০

পর্যটন শিল্পে বিনিয়োগ বাড়াতে রাজ্যের পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ গতকাল কলকাতায় শহরের বড় হোটেল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসেন। পর্যটন পরিকাঠামো উন্নয়ন, নতুন বিনিয়োগ এবং কর্মসংস্থান মুখী পরিবেশ তৈরির মতো বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। অম্বুজা নেওটিয়া গ্রুপ, দ্য পার্ক, তাজ, জেডব্লিউ ম্যারিয়ট সহ আতিথেয়তা শিল্পের

সঙ্গে যুক্ত সব বড় সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠকে পর্যটন মন্ত্রী মরশুম ভিত্তিক পর্যটনে জোর না দিয়ে সারা বছর ধরে সক্রিয় থাকার উপর জোর দিয়েছেন। বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে রাজ্যের বেশ কিছু পর্যটনস্থলকে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে রয়েছে গজলডোবা ,সুন্দরবন , সল্টলেকের উদয়াচল, বাগডোগরা ,দীঘা ও মন্দারমণি।

০০০০০০০০০০০০০০০০০০০০

চিনি নিয়ে কালোবাজারি রুখতে রাজ্য সরকার একটি টোল ফ্রি হেল্পলাইন নম্বর চালু করেছে। খোলা বাজারে চিনির দাম নিয়ন্ত্রণে রাখতে টাস্ক ফোর্স এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা বাজারে নজরদারি চালাচ্ছেন। পাশাপাশি চিনি নিয়ে কোথাও মজুতদারি বা অসাধু কার্যকলাপ দেখলে সাধারণ মানুষকে ১৮০০-৩৪৫-৫৫০১ এই নম্বরে ফোন করে তার বিস্তারিত তথ্য জানানোর জন্য আবেদন জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মজুতদারি ও কালোবাজারি রুখতে হাওড়ার বিভিন্ন বাজারে গতকাল হানা দেন পুলিশ ও প্রশাসনের আধিকারিকরা। বিভিন্ন সামগ্রীর দাম ও সরবরাহ পরিস্থিতি খতিয়ে দেখে ন্যায্য মূল্য নিশ্চিত করার বিষয়ে জোর দেওয়া হয়।

এদিকে, চিনির লাগামছাড়া মূল্যবৃদ্ধির অভিযোগ খতিয়ে দেখতে গতকাল বর্ধমান শহরের নতুনগঞ্জ বাজারে অভিযান চালায় প্রশাসন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভাই-বোনের আত্মিক ও পবিত্র সম্পর্কের উৎসব রাখীবন্ধন আজ এরাজ্যেও সানন্দে পালিত হচ্ছে।

রাখী বন্ধনকে শুধু ভাই-বোনের উৎসব হিসেবে নয়, সামাজিক সম্প্রীতি ও জাতীয় ঐক্যের বার্তা ছড়িয়ে দেওয়ার মাধ্যম হিসেবে তুলে ধরতে আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। সরকারি উদ্যোগে এই প্রথমবার রাজ্যের প্রতিটি জেলা, মহকুমা, ব্লক, পুরসভা, পঞ্চায়েত থেকে শুরু করে কলকাতা পুরনিগমের ওয়ার্ড স্তর পর্যন্ত পালিত হবে 'রাখী বন্ধন উৎসব'। এই উপলক্ষে প্রায় ২৫ লক্ষ ৬০ হাজার ৫০০টি রাখি বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

রাজ্য স্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার নজরুল মঞ্চে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য ও বিশিষ্টজন সেখানে উপস্থিত থাকবেন। পাশাপাশি সেখানে প্রায় আড়াই হাজার কলেজ পড়ুয়া, এনএসএস এবং যুব কম্পিউটার সেন্টারের শিক্ষার্থীরা এতে অংশ নেবেন। যাদবপুর এইট বি বাসস্ট্যান্ডে ১০ হাজার কণ্ঠে বন্দেমাতরম গাওয়া হবে বলেও জানা গেছে।

এছাড়া রাজ্যের ২২টি জেলা সদর, জিটিএ, কলকাতা পুরসভা, ৪৫টি মহকুমা, ৩৪৫টি ব্লক, ১২১টি পুরসভা, ৬টি পুরনিগম এবং ৩'হাজার ৩৪২টি গ্রাম পঞ্চায়েতে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে বলে রাজ্যের তথ্য সংস্কৃতি দফতরের তরফে জানানো হয়েছে। এজন্য রাজ্য সরকারের ৮ কোটি ৯৭ লক্ষ টাকার বেশি বরাদ্দ করা হয়েছে।

oooooooooooooooooooo

যাত্রী ভীড় সামাল দিতে পূর্ব রেল আজ হাওড়া-শেওড়াফুলী-তারকেশ্বর সেকশনে অতিরিক্ত ইএমইউ ট্রেন চালাচ্ছে। যাত্রাপথে ট্রেনগুলি সমস্ত স্টেশনে থামবে বলে রেল সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ কলকাতার দুই জায়গায় পৃথক অনুষ্ঠান করছে তৃণমূলের দুই শিবির। ঋতব্রত পন্থী তৃণমূল এদিন সভা করবে রানী রাসমণি এভিনিউতে। অন্যদিকে মমতা পন্থী তৃণমূল কংগ্রেসের তরফে ক্যাথিড্রাল রোডে সভা হবে। ক্যামাক স্ট্রিটে দলীয় কার্যালয়ে পুলিশের সঙ্গে বচসার পর গতরাতেই ক্যাথিড্রল রোডের সভা স্থল পরিদর্শন করেন সাংসদ অভিষেক ব্যানার্জী।

এদিকে, আজ কংগ্রেসের ছাত্র সংগঠন  ছাত্র পরিষদের ৭৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপিত হবে। কলকাতার মহাজাতি সদনে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooo

রাজ্যে নিম্নচাপের প্রেক্ষিতে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooo